



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-III Examination, 2021

বাংলা

ষষ্ঠ পত্র

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৫০

প্রাক্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

৬নং প্রশ্ন এবং অন্য যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও

- ১। ‘পুতুলনাচের ইতিকথা’ নামকরণের মধ্যে লেখকের বহুমাত্রিক জীবনভাবনা ও শিল্পচেতনার যে পরিচয় পাওয়া যায় তা বিশ্লেষণ করো। ১৫

অথবা

“‘বাংলা উপন্যাসে আধুনিক জীবন বিন্যাসের দিক থেকে ‘পুতুলনাচের ইতিকথা’র নায়ক এক অন্য চরিত্র।’” — এই উক্তিটির আলোকে শশী চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫

- ২। ‘অরণ্যের অধিকার’ উপন্যাসটি ব্রিটিশ সরকার ও সমকালীন ফিউডাল ব্যবস্থার বিরুদ্ধে নিম্নবর্গের মানুষের বিদ্রোহের দলিলে আলোচনা করো। ১৫

অথবা

‘স্বাধিকারবোধ ও বিপ্লবেরই আর এক নাম ধানী মুস্তা।’ — চরিত্রটি বিশ্লেষণ করে তোমার অভিমত ব্যক্ত করো। ১৫

- ৩। ‘হালদার গোষ্ঠী’ গল্পে বনোয়ারী চরিত্রটিকে সমকালীন যুগভাবনার নিরিখে বিচার করো। ১৫

অথবা

রবীন্দ্রনাথের ‘একরাত্রি’ গল্পের শেষে আছে — “আমি এই এক রাত্রে মহাপ্রলয়ের তীরে দাঁড়াইয়া অন্ত আনন্দের আস্থাদ পাইয়াছি।” — মহাপ্রলয়ের তীরে দাঁড়িয়ে অন্ত আনন্দের আস্থাদন কীভাবে সম্ভব - ‘একরাত্রি’ গল্প অবলম্বনে তা আনুপূর্বিক ব্যাখ্যা করো। ১৫

- ৪। রোমাঞ্চ রসপুষ্ট গল্প হিসেবে ‘মেঘমল্লার’ গল্পটির সার্থকতা বিচার করো। ১৫

অথবা

নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ‘টোপ’ গল্প অবলম্বনে সামন্তপ্রভু রাজাবাহাদুরের আধিপত্যবাদী হিংস্র অমানবিক চরিত্রের স্বরূপ উদ্ঘাটন করো। ১৫

- ৫। একদিকে সামাজিক অর্থনৈতিক অসহায়তা, অন্যদিকে ভদ্রলোক হওয়ার দায়, রেখা-কাঞ্চনের সংকটকে তীব্রতর করে তুলেছে। — এই মন্তব্যের আলোকে ‘অশ্বমেধের ঘোড়া’ গল্পটি বিচার করো। ১৫

অথবা

“অশুভ কাকটাকে তাড়াবো এবং ঘুম ভেঙে একদিন মানুষ বিস্ময়ে দেখবে সমাজটা পুরো বদলে গেছে।” ১৫
— এই উদ্ধৃতাংশটির আলোকে ‘স্টীলের চপ্প’ গল্লের অন্তর্নিহিত বক্তব্যের পরিচয় দাও।

- ৬।(ক) ‘লাল টকটকে করে তাতানো লোহা ফেলে রাখলে তাও আস্তে আস্তে ঠাণ্ডা হয়ে যায়।’ — কে কাকে ১+১+২
একথা বলেছে ? প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যটির অন্তর্নিহিত অর্থ বোঝাও।

অথবা

‘চলে না এলে কি করে বুৰুতাম ওখানে ওমনিভাবে থাকা ছাড়া আমার গতি নেই ?’ — বক্তা কে ? ১+৩
উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

- (খ) “উলগুলানের শেষ নাই। ভগবানের মরণ নাই।” – ‘উলগুলান’ শব্দের অর্থ কী ? ভগবান বলতে কাকে ১+১+২
বোঝানো হচ্ছে ? উক্তিটির তাৎপর্য বোঝাও।

অথবা

‘এখন আর ধিমা-ধিমায় কাজ হবে না।’ – ‘ধিমা-ধিমা’র অর্থ কী ? তাতে কাজ হবে না কেন ? উক্তিটি ১+২+১
কোন সংকেত বহন করছে ?

- (গ) ‘মনে হইল আড়াইশত বৎসরের কৃষ্ণবনিকা আমার সম্মুখে দুলিতেছে।’ – কার কখন এই উপলব্ধি ? ২+২
বক্তার কীরূপ মানসিকতা এখানে প্রকাশিত ?

অথবা

‘আমি শান্ত মিলিয়ে পতিরূপাগারি করতে বসিনি।’ – কে কাকে একথা বলেছে ? বক্তার আত্মবিশ্লেষণের ২+২
মর্মার্থ প্রকাশ করো।

- (ঘ) ‘সেদিন অনেকদিন পরে ভাল সিগারেট টেনেছিল সুরত, কিন্তু ঠিক যেন আগেকার মত স্বাদ নেই।’ — ১+৩
কোন গল্লের অংশ ? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

অথবা

‘আর এই কি আমাদের মেজাজ দেখাবার, গোঁয়াতুমি করার সময় ?’ – বক্তা কে ? তার রাগের কারণ ১+৩
বিশ্লেষণ করো।

- (ঙ) ‘মদন পেঁপে চারাটা চুরি করে নিয়ে যায়নি। আমার বাবার মনে হচ্ছিল পেঁপে চারাটাই মদনকে আমাদের ১+৩
বাড়ি থেকে চুরি করে নিয়ে গেছে।’ – কার উক্তি ? এর তাৎপর্য বুঝিয়ে দাও।

অথবা

‘আমি সত্যই ক্রিশ্চান নই গো বাপ।’ – কার উক্তি ? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৩

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—————X—————